দৈনিক ইত্তেফাক

তারিখ FEB. 23-1999
পৃষ্ঠা ৪ কলাম ৮

125

## প্রো-উপাচার্য না উপ-উপাচার্য ?

কয়েকদিন পূর্বে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফুলার রোড দিয়া আসিতেছিলাম। বৃটিশ কাউন্সিলের কাছাকাছি একটি বাসভবন লক্ষ্য করিলাম, উহার সম্মুখস্থ শীলালিপিতে লেখা রহিয়াছে 'প্রো-উপাচার্য'। পুরা বাক্যটি বাংলায় লেখা হইলেও প্রথম শব্দটি যাহা একটি ইংরেজী শব্দ, তাহাও বাংলায় লেখা হইয়াছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের মতো সর্বোচ্চ বিদ্যাপীঠের আঙিনায় এ ধরনের ইংরেজী -বাংলা মিলাইয়া লেখার প্রবণতা অবশ্যই রোধ হওয়া প্রয়োজন। আশা করিতেছি, এই পত্রটি প্রকাশের পর সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বাক্যটি শুদ্ধ করিয়া লিখিবার ব্যবস্থা নিবেন।

**তারিক শামীম রনী,**
৫/এ/ক, উত্তর যাত্রাবাড়ি,
ঢাকা-১২০৪।